বাংলাদেশ ধানগবেষণাইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute,Gazipur-1701

Telephone: PABX: 880-2-9294117-21, 9264118, 9264127, 9264165, 9264154, 9264184

E-mail: brrihq@yahoo.com, dg@brri.gov.bd, Website:www.brri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (II)/২০৮ তারিখঃ ১৪-০৬-২০১৭

বিষয়ঃ ০৭/০৬/২০১৭তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময়	ঃ ০৭/০৬/২০১৭, সকাল-১১.০০ ঘটিকা
স্থান	ঃ ব্রি সভাকক্ষ
সভাপতি	ঃ ড. মোঃ শাহজাহান কবীর, পরিচালক (প্রশাসন ও সা. পরি) ও চিফ ইনোভেশন অফিসার, ব্রি।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে ব্রির ইনোভেশন টিমের আহবায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সা. পরি) ড. মোঃ শাহজাহান কবীর সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় ব্রি'র ওয়েবসাইট হালনাগাদসহ ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকান্ডের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১: ০২ (দুই) দিনব্যাপি 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক কর্মশালা থেকে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া/ধারণাগুলো এটুআইয়ে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত ২: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্রিতে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক ০২ (দুই) দিনের দ্বিতীয় প্রশিক্ষণ কর্মশালা জুলাই/২০১৭ এর মধ্যে আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তার জন্য কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের 'রিসোর্স পার্সনস' পুল এর সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৩: প্রশিক্ষণ বিভগে প্রেরিত ডিজিটাল বাংলাদেশ কনটেন্ট (জাতীয় তথ্য বাতায়ন, ই-ফাইলিং, ই-টেন্ডারিং, নাগরিক সেবায় উদ্ভাবন প্রভৃতি) বিষয়ক নতুন কোর্স মডিউলের উপর প্রয়োজনীয় প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে কৃষি পরিসংখ্যান বিভাগস্থ আইসিটি সেল প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

সিদ্ধান্ত ৪: 'Rice Doctor' নামক ওয়েব এ্যাপ্লিকেশন, মোবাইল অ্যাপস ও ডায়গনসিস টুলস তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এর নিমিত্তে দ্রুত বাজেট প্রস্তাবনা সংক্রান্ত নথি উপস্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া এতদসংক্রান্ত কর্মশালার আয়োজন করতে হবে এবং আমন্ত্রিত সকলকে রাইস ডক্টর সংক্রান্ত তথ্য নিয়ে কর্মশালায় উপস্থিত থাকতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দকে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৫: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মাঠপর্যায়ে তথা ব্রির সকল আঞ্চলিক কার্যালয়ে ই-ফাইলিং ব্যবস্থা চালুর নিমিত্তে পর্যায়ক্রমে ই-ফাইল (নথি) সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্ত ৬: ব্রির জনবল নিয়োগ প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে ব্রি ও টেলিটক মোবাইল কোম্পানি'র মধ্যে SLA (Service Level Agreement) সম্পন্ন করা হয়েছে। সম্পূর্ণ প্রক্রিয়া যথাযথভাবে পরিচালনা ও কারিগরি সহায়তার লক্ষ্যে একটি কমিটি গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্ত ৭: ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের বিষয়ে বিসিসি'র মাধ্যমে কারিগরি সহায়তা গ্রহণের লক্ষ্যে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইনফো সরকার-৩ প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক এ সংক্রান্ত অগ্রগতি সাধনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

এছাড়া গত ২৩-২৫ মে' ২০১৭ তারিখে রাজশাহী আঞ্চলিক কার্যালয়ে ই-ফাইল (নথি) সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। উপরন্ত আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্রি ধান৭০ থেকে সর্বশেষ জাতসমূহের, গবেষণার এবং প্রশিক্ষণের সুন্দর ছবি জনাব এস. এম. মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট-এর নিকট প্রদানের জন্য মোঃ মাসুম রানা, ফটোগ্রাফার, পিপিআরডি, ব্রি'কে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

<u>সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ</u> (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা) এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
২। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৩। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি
৪। মোঃ আবুল কাসেম, প্রধান, পিপিআরডি, ব্রি। (ফটোগ্রাফারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৫। জনাব আব্দুল মান্নান, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েটিভ ডিজিটাল লিঃ, মিরপুর, ঢাকা।
৬। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৭। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৮। মোঃ মাসুম রানা, ফটোগ্রাফার, পিপিআরডি, ব্রি।
৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
১০। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
১১। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
১২। সংশ্লিষ্ট নথি।

১৪/০৬/১৭
(ড. মোঃ ইসমাইল হোসেন)
পিএসও এবং বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
ব্রি-গাজীপুর।